



Bangladesh

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি. সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-৯৭/২০১৭/১৪০৯৫

তারিখ: ১১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দঅফিস আদেশ

হাটপাড়া দ্বি-মুখী ফাজিল মাদ্রাসা, ডাকঘর: করনাই, উপজেলা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও -এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০১.০২.২০২৪ খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬.০৩.২০২৩ খ্রি. থেকে ২৫.০৩.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. ফাজিলসহ সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
২. শ্রেণী কক্ষে মূল বই ও কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে।
৩. শিক্ষার্থীদের ক্লাশ মুখী করতে হবে। আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে হবে।
৪. মাদরাসার চার পাশে সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।
৫. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত' কথাটি লিখতে হবে।
৬. একাডেমিক কমিটি, বাজেট কমিটি, অডিট কমিটি ও ক্রয় কমিটি গঠন করতে হবে।
৭. মাদরাসার যে সকল জমিগুলো বেদখলে রয়েছে, সেগুলো দখল মুক্ত করতে হবে।
৮. ক্রয় কমিটি গঠন করে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুযায়ী মাদরাসার সকল ক্রয় সম্পন্ন করতে হবে।
৯. "হৃদয়ে বঙ্গবন্ধু" কে আরো সমৃদ্ধ করতে হবে এবং বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম ও সংগ্রাম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করণের ব্যবস্থা করতে হবে।
১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

হাটপাড়া দ্বি-মুখী ফাজিল মাদ্রাসা,

ডাকঘর: করনাই, উপজেলা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রং-৯৭/২০১৭/১৪০৯৫

তারিখ: ১১ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৪ খ্রিস্টাব্দসদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৫. প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৬. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, হাটপাড়া দ্বি-মুখী ফাজিল মাদ্রাসা, ডাকঘর: করনাই, উপজেলা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও।
৮. অফিস নথি।

(মো: জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইল : ০১৭২৪৮০৮৫২৪